

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০২

১৩ জানুয়ারী, ২০১৫
তারিখ : -----
৩০ পৌষ, ১৪২১

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত নীতিমালা।

উপরোক্ত বিষয়ে ২৯ নভেম্বর ২০১২ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ৪(খ) ইলেকট্রনিক বুথ উপ-অনুচ্ছেদটি নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

এখন থেকে এটিএমসহ সব ধরনের ইলেকট্রনিক বুথ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতির প্রয়োজন হবে না। তবে, এটিএম বুথ স্থাপনের ভাড়া ও খরচ সংক্রান্ত বিষয়াদির ক্ষেত্রে আবশ্যিকভাবে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত পরিদর্শনে এতদসংক্রান্ত ভাড়া, খরচাদি ইত্যাদি বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে; প্রয়োজনে সংশ্লিষ্ট বুথের কার্যক্রম বন্ধ করা হতে পারে। এ জাতীয় বুথে ইলেকট্রনিক লেনদেন ব্যতীত অন্য কোন প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদিত হবে না।

৩। এতদভিন্ন উক্ত সার্কুলারের ৭ নং অনুচ্ছেদে উল্লেখিত ব্যাংকের স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে অত্র বিভাগের একবার অনুমোদন নেয়া হলে পরবর্তী নবায়নের ক্ষেত্রে যদি একই মেয়াদে(৩ বছর ও তদুর্ধ্ব সময়ের জন্য) সর্বোচ্চ ভাড়া বৃদ্ধি ১৫% এর মধ্যে সীমিত থাকে সে ক্ষেত্রে পুনরায় অত্র বিভাগের অনুমোদন নেয়ার প্রয়োজন হবে না। তবে, ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক ভাড়া নবায়নের অনুমোদন দেয়ার ১ মাসের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০২৫২